

৪৭তম বিসিএস এর ৩৫টি ভাইভা অভিজ্ঞতা

১।

৪৭তম BCS Viva সুপারিশ প্রাপ্ত, Tax Cadre

আমজাদ স্যার বোর্ড। (১৪ জুন)

সময় : ২০-২২ মিনিট।

চয়েজ: ফরেন > এডমিন > ট্যাক্স

ফলাফল :বিসিএস কর ক্যাডারে সুপারিশপ্রাপ্ত

ভার্সিটি : শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়।

চেয়ারম্যান স্যার + এক্সটার্নাল ২ সব ইংরেজিতে প্রশ্ন করেছে।

* কয়বার ভাইবা দিয়েছি, আগের গুলো তে কেন হয়নি?

* কৃষির জ্ঞান কিভাবে ফরেনে কাজে লাগাবো..??

* বিশ্বে কি কি গুরুত্বপূর্ণ ইস্যু হচ্ছে

* ইরান আমেরিকা যুদ্ধের ডিটেইলস

* ব্রিকস এ কেন ভারত আর চীন একসাথে??

* এক্সট্রা কারিকুলাম কি কি ছিল?

* ক্রাইসিস মুমেন্ট ফেস করেছি কিনা???

* ক্রাইসিস মুমেন্ট কি ভাবে ম্যানেজ করি।

এক্স ০১

* ক্লাইমেট চেঞ্জ নিয়ে ডিটেইলস প্রশ্ন।

ক্লাইমেট প্যারামিটার কি?কি কি সমস্যা হচ্ছে, উত্তর বঙ্গে কি কি প্রজেক্ট আছে?? ঢাকায় তাপমাত্রা কমাতে কি কি কুলিংসিস্টেম আইডিয়া দিবেন।

এক্স ০২

* persona non grata কি? ইরান ফুটবলার টিম কে রেস্ট্রিকশন দেওয়া হয়েছে। এটাকে কি বলা যাবে??

* RDI, EPI কি?

* UNGA এর সাধারণ পরিষদ নিয়ে কিছু প্রশ্ন

* সরকারের অর্গান কয়টা?

* পিএসসি কেমন প্রতিষ্ঠান, সংবিধান সহ।

* (আরোও কিছু সম্পূরক প্রশ্ন ছিল ছোট খাটো)

২।

৪৭তম ভাইবা অভিজ্ঞতা

নাম: জাওয়াদুল আলম

সুপারিশপ্রাপ্ত: বিসিএস প্রশাসন (৪৭তম বিসিএস)

মেধাক্রম: ৫৪

পূর্বে সুপারিশপ্রাপ্ত: BCS Technical Education, ৪৫তম বিসিএস

বিষয়: BSc,ME(KUET)

চয়েস লিস্ট: পররাষ্ট্র, প্রশাসন, পুলিশ, কাস্টমস, অডিট, ট্যাক্স

বোর্ড: প্রফেসর ড. এ এস এম গোলাম হাফিজ

সিরিয়াল: ০৭ (১৫ জনের মধ্যে) [১৪ নাম্বারে ছিলাম, পরে সাফল হওয়াতে আগে আসছে]

সময়: প্রায় ১৭-১৮ মিনিট

কলিংবেল বাজতে দরজা খুলে অনুমতি নিলাম।

আমি: May I come in, sir?

চেয়ারম্যান স্যার: Yes, Come in.

সবাইকে উদ্দেশ্য করে সালাম দিলাম।

স্যার উত্তর দিয়ে বসতে বললেন। আমি ধন্যবাদ দিলাম।

চেয়ারম্যান স্যার: এটা প্রথম না আগে আরও ভাইবা দিছেন।

আমি: স্যার, ৪৫ ও ৪৬ দিয়েছি।

চেয়ারম্যান স্যার: ক্যাডার আসেনি?

আমি: জি স্যার, ৪৫ এ টেকনিক্যাল এডুকেশন এ এসেছে।

চেয়ারম্যান স্যার: ওহ হ্যাঁ আপনার নাম তো লিস্টে দেখলাম। (অ্যাটেনডেন্স লিস্টে পূর্বের বিসিএস এ ক্যাডার থাকলে নাম উল্লেখ থাকে)

চেয়ারম্যান স্যার: প্রথম পছন্দ পররাষ্ট্র?

আমি: জি স্যার।

চেয়ারম্যান স্যার: আগের বারও পররাষ্ট্র ছিল?

আমি: জি স্যার।

চেয়ারম্যান স্যার: চয়েস চেঞ্জ করেননি তাহলে। আগের বার কেনো আসেনি? (মৃদু হেসে) অল্প বয়স দেখে ডিপ্লম্যাট বানাতে চায়নি নাকি বোর্ড?

আমিও স্যার এর সাথে মৃদু হাসলাম।

চেয়ারম্যান স্যার: That means you have read a lot this time.

আমি: Sir, I have tried my best.

চেয়ারম্যান স্যার: ওকে তাহলে বাকি স্যাররা শুরু করুক।

****এক্সট্রানার্নাল ১****

*আপনি কোন ক্যাম্পাসের? কোন ডিপার্টমেন্ট?

-স্যার, কুয়েট, ম্যাকানিক্যাল।

*আপনাদের ভিসির নাম জানেন।

আমি: জি স্যার। ডঃ মাসুদ। (ডঃ মোহাম্মদ মাসুদ হবে, মোহাম্মদ টা মিস গেলে স্যার ঠিক করে দিলেন)

*উনি কোন ডিপার্টমেন্ট?

- স্যার মেকানিক্যাল, আমাদের একই ডিপার্টমেন্টের।

*যানবাহন বা বিমানে যে মেটেরিয়াল ব্যবহার করা হয় তার এমন একটি প্রপার্টিজ বলুন যা খুবই গুরুত্বপূর্ণ।

-Strength and light weight। (আরও কয়টি বললেও স্যার এইটাই শুনতে চাচ্ছিল)

*আচ্ছা একজন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারকে পররাষ্ট্রে নিলে আমাদের কি লাভ হবে?

-স্যার বর্তমানে ৪র্থ ও ৫ম শিল্প বিপ্লবের সময় একজন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার তার সাবজেক্টের বিভিন্ন বিষয় দ্বারা দেশের পররাষ্ট্রনীতিতে বিভিন্নভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ডিফেন্স টেকনোলজি, সাইবার সিকিউরিটি, স্পেস ইন্ডাস্ট্রি, ম্যানেজমেন্ট, জ্বালানি কূটনীতি, জলবায়ু ইস্যু সহ বিভিন্ন বিষয়ে পররাষ্ট্রনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব।

*চতুর্থ বিপ্লব কি?

- বললাম।

*AI এক দুইটি উপকারী ও ক্ষতিকর দিক বলুন।

- বললাম।

*AI ব্যবহার করে কারও ছবি বিকৃত করা হলে আপনি পুলিশ বা প্রশাসনে থেকে কি ব্যবস্থা নেবেন?

-বিভিন্ন সফটওয়্যার এর মাধ্যমে ছবি এআই দিয়ে তৈরি কিনা সেগুলো চেক করা যায়। তারপরে যদি নিশ্চিত হওয়া যায় তাহলে সাইবার সিকিউরিটি আইন ও বিদ্যমান অন্যান্য আইনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এক্সটার্নাল ২

*কোন ক্যাডার এ আছেন? কি পোস্ট?

- কারিগরি শিক্ষা, ইন্সট্রাক্টর পোস্ট।

*Why we choose you as a diplomat?

- Sir, I can offer the country both as a diplomat and as a mechanical engineer within a single service. I can apply my technological knowledge to policymaking, which can add a valuable perspective. As our country moves toward becoming a developed nation in the near future, technological expertise in foreign policymaking will become increasingly important.

*what are the challenges of our foreign policy right now?

-Answered

* What is our current relationship with India?

-Answered

*what challenges will you face personally in the foreign service?

- বিভিন্ন দেশের ডিপ্লোমেট দের সাথে negotiation এর সময় তাদের mind game বোঝা এবং সবার সাথে Balance করে চলা এইসব বললেও স্যার চাচ্ছিলেন পরিবার থেকে দূরে থাকতে হবে সেই উত্তর। তারপর জিজ্ঞাসা করলেন ভাইবোন কয়জন।

* বাবা মা ছেড়ে থাকতে হবেনা?

- স্যার, আমি ছুটির সময় তাদের সময় দেওয়ার চেষ্টা করব এবং সম্ভব হলে তাদের আমার সাথে রাখার চেষ্টা করবো। দেশের স্বার্থে আমার যেকোনো কর্তব্য পালনে আমি সর্বদা সচেষ্ট থাকবো।

চেয়ারম্যান স্যার

*অন্য কোনো জবে আছেন নাকি শুধু বিসিএস?

- না স্যার, শুধু বিসিএস এর প্রস্তুতি নিচ্ছি।

* পাশ করেছেন কত সালে?

-২০২২ স্যার

*এতদিন কি করেছেন?

- স্যার ৪৭ এর ভাইভার জন্য নিজেকে প্রস্তুত করেছি এবং পূর্বে একটি রিসার্চ পেপার পাবলিসড করেছি।

*২য় চয়েস তো প্রশাসন ক্যাডার? কি কি পড়ে এসেছেন?

- এই ক্যাডার এর কাজ, চ্যালেঞ্জ এবং ক্যাডার ভিত্তিক বিভিন্ন বিষয়াবলী। (উত্তর ভালো হয়নি, কিছু বই এর নাম বলতে পারলে আরও ভালো হতো)

*Local government কি?

- বললাম

*কোন মন্ত্রণালয় এর আন্ডারে?

- Ministry of Local Government, Rural Development and Co-operatives

*কেডিএ কি? জানেন?

- বললাম।

*কোন মন্ত্রণালয় এর সাথে কানেক্টেড?

-গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

*পররাষ্ট্র মন্ত্রণালয় এর বিভাগ গুলোর নাম বলুন?

- সবগুলো বলতে পারিনি।

(স্যার বললো ওয়েবসাইটে গেলেই তো পাওয়া যায়। আমি বললাম স্যার দুঃখিত, পরবর্তীতে দেখে নেবো।

স্যার বললেন আগেই দেখে আশা দরকার ছিল। 😊)

*আস্কটাদ কি? পূর্ণরূপ?

- বললাম

*আস্কটাদ সম্প্রতি বাংলাদেশ নিয়ে একটি রিপোর্ট করেছে জানেন?

- পারিনি (ভাইবার আগে ১ মাস পেপার পড়েও চোখে পড়েনি এমন কিছু 😞)

*What is Note verbale?

- জানতাম বাট উত্তর সলিড হবেনা দেখে সরি বলেছি

আসতে বলার পর দাঁড়ানো অবস্থায় এক্স ২ আস্ক করলো আচ্ছা বলেন তো Persona non grata কি?

- বললাম

চেয়ারম্যান স্যার: স্বাধীনতার পর বাংলাদেশের কাউকে ইন্ডিয়া persona non grata করেছে?

- স্যার যতদূর জানি এখনো করেনি এমন কিছু। (স্যার বললেন হ্যাঁ করেনি)

সবাইকে ধন্যবাদ ও সালাম দিয়ে বের হয়ে আসলাম।

[আরও কিছু প্রশ্ন ছিল ভুলে গেছি, ক্যাডার আসবেনা ভেবে লিখে রাখিনি তখন 🙄]

* নিজেকে সর্বোচ্চ বিনয়ী ও high পার্সোনালিটি বজায় রাখতে পারাই ভাইবার মূল মন্ত্র।

* সর্বদা বোর্ডকে পজেটিভ মাইন্ডে রাখার চেষ্টা করেছি।

৩।

সফল ভাইভা অভিজ্ঞতা -৩৫

৪৭ তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা।

প্রার্থীর নাম : মেহেদী হাসান

বোর্ড: বিজ্ঞ সদস্য সোহেল রহমান স্যার

সিরিয়াল -২

সময়: মনে নেই

পছন্দক্রম: পুলিশ, কাস্টমস, অডিট, ট্যাক্স, রেলওয়ে। অনুমতি নিয়ে প্রবেশ করলাম। তারপরে সালাম দিলাম। স্যার বসতে বললেন। ধন্যবাদ দিয়ে বসলাম।

চেয়ারম্যান : আপনি অমুক। ৪৫ এ এই, ৪৬ এ এই পেয়েছেন। প্রথমেই আপনাকে ৩ বার অভিনন্দন। ৪৫,৪৬ এবং ৪৭। কারণ ৪৭ এর প্রশ্ন কঠিন হয়েছিল।

আমিও স্যার এর সাথে সম্মতি প্রকাশ করলাম হাসিমুখে।

স্যার এরপরে এক্সটার্নালকে বললেন প্রশ্ন করতে।

এক্স-১: বর্তমানে তো AI ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। AI এর সুবিধা ও অসুবিধাগুলো বলুন।

আমি: স্যার সুবিধার মধ্যে বলা যায় AI এর ব্যবহারের ফলে দ্রুত তথ্য সংগ্রহ, ফলাফল নির্ণয়ের পাশাপাশি Problem Solving, Analytical Ability ও Critical Thinking ability বাড়ছে।

অসুবিধার মধ্যে বলা যায়, Overdependency তৈরি হতে পারে। আমাদের মত ৩য় বিশ্বের দেশগুলোতে Job Polarization এর শংকা রয়েছে। এতে Manual Labour Based Worker রা তাদের চাকরি হারাতে পারে। তবে এক্ষেত্রে আমাদের প্রযুক্তিগত দক্ষতা ও জ্ঞান লব্ধ করতে হবে।

এক্স-১: এতে কি নৈতিকতা বাধাগ্রস্ত হবার কোন সম্ভাবনা আছে?

আমি: হ্যা স্যার। তথ্যের উৎসগুলো আমাদের যাচাই করে নিতে হবে।

এক্স-১: আমি কোনকিছু ঘাটাঘাটি না করে মোবাইলে Chatgpt দিয়ে যা ইচ্ছা তাই বের করতে পারি। এতে কি আমার ক্রিয়েটিভিটি নষ্ট হবে?

আমি: হ্যা স্যার। Overdependency ক্রিয়েটিভিটি নষ্ট করতে পারে।

এক্স-১: What is digital ethics.

আমি: Digital ethics may be defined as the concept when digital platform or technology is used under ethical consideration.

এক্স-১: What is Ethics.

আমি: Ethics encompassed the type of human behaviour which contains moral values

এক্স-১: স্যার আমার প্রশ্ন করা শেষ। (তারপরে

স্যার এক্স-২ কে প্রশ্ন করতে বললেন)

এক্স-২: আপনি তো ডাক্তার। আমাদের বর্তমান স্বাস্থ্যখাতে সমস্যাগুলো কী কী?

আমি: স্যার, আমি মনে করি এবং নিজেও ইন্টারশিপ করার সময় যা অনুভব করেছি সেটা হল আমাদের জনবল ঘাটতি প্রকট। পাশাপাশি উন্নত মেডিকেল ইকুইপমেন্ট নেই। স্বাস্থ্যখাতে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট মাত্র ৪১,৯০৮ কোটি টাকা, যা GDP-র মাত্র ০.৭৬%। এটা হওয়া উচিত অন্তত ৫-৬%।

এক্স-২: আচ্ছা ডাক্তাররা তো উপজেলাতে ডিউটি করতে চান না, ঠিকমত সেবা দিতে পারেন না। কীভাবে দেখেন?

আমি: স্যার যদি তার পোস্টিং গ্রামে হয় এবং তিনি অনুপস্থিত থাকেন তবে সেটা অবশ্যই অনৈতিক। তবে জনবল ঘাটতে এবং অতিরিক্ত পেশেন্ট বার্ডেনের কারণে অনেক সময় ডাক্তার উপস্থিত থাকা সত্ত্বেও সেবার মান কমে যায়।

এক্স-২: বর্তমান GDP প্রবৃদ্ধি কত। আর সেটা কত হওয়া উচিত?

আমি: স্যার অর্থনৈতিক সমীক্ষা-২০২৫ অনুযায়ী এর নাম ৩.৯৭%। যা হওয়া উচিত ১০% এর উপরে। তবে এটি একবারে না বাড়িয়ে ধাপে ধাপে বাড়ানোর পরিকল্পনা করা উচিত।

এক্স-২: বাংলাদেশ কত সালের মধ্যে এটি বাড়ানোর চেষ্টা করছে?

আমি: ২০৪০-৪১ সালের মধ্যে।

তারপরে এক্স-২ স্যার বললেন উনার আর প্রশ্ন নেই। এরপরে চেয়ারম্যান স্যার প্রশ্ন করলেন।

চেয়ারম্যান : আপনি ৪৫ আর ৪৬ এর মধ্যে কোনটাতে জয়েন করবেন। কেন?

আমি: ৪৬ এ জয়েনের কারণ ব্যাখ্যা করলাম এবং ৪৫ এ না জয়েনের কারণ ব্যাখ্যা করলাম।

চেয়ারম্যান : কোথায় চাকরি করেছেন। ওখানে কী কাজ?

আমি: বললাম।

চেয়ারম্যান : কাজ করতে কোন সমস্যা বা চাপ ফেস করেছেন কিনা?

আমি: স্যার মূলত আমি ৫ মাস ট্রেনিং এ ছিলাম। এখন পর্যন্ত বাইরের কোন চাপ ফেস করিনি।

চেয়ারম্যান : কি বলেন? লোন এর ডকুমেন্টস সব ঠিক পেয়েছেন ইন্সপেকশনে?

আমি: স্যার সবসময় ঠিক পাইনি। তবে ঠিক না থাকলে তা এপ্রোভ না করার জন্য সুপারিশ করেছি।

চেয়ারম্যান : বাহ, আপনি তো খুবই সুন্দর সময় উপভোগ করেছেন চাকরিতে (হেসে হেসে)

আবার প্রশ্ন করলেন ছাত্রজীবনে কোন স্ট্রেস ফিল করেছেন কিনা?